

প্রেস রিলিজ  
১১ এপ্রিল ২০২৫

বাউবি উপাচার্য মহোদয়ের এসএসসি প্রোগ্রামের ঢাকা মহানগরের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন



শিক্ষার গুণগত মান বজায় রেখে দেশ ও জাতির উন্নয়নে ভূমিকা রাখতে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষার সাথে সংশ্লিষ্ট সকলকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে। সন্তানকে নিয়ে পিতামাতার স্বপ্ন পূরণ এবং জীবনের লক্ষ্যে পৌঁছাতে হলে শিক্ষার্থীদেরকে নকল প্রবণতা পরিহার করে পড়ালেখার প্রতি মনোযোগী হতে হবে। পরীক্ষার্থীদেরকে সুশিক্ষায় শিক্ষিত হয়ে মেধার বিকাশ ঘটিয়ে আগামীতে দেশ গড়ার কাজে আত্মনিয়োগ করতে হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম আজ ১১ এপ্রিল ২০২৫ তারিখ শুক্রবার সকালে ও বিকালে অনুষ্ঠিত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা-২০২৫ এর ঢাকা সিটিতে অবস্থিত বিভিন্ন পরীক্ষা কেন্দ্রের পরীক্ষা পরিদর্শনকালে এসব কথা বলেন। এছাড়াও পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে উপাচার্য শিক্ষার্থীদেরকে কঠোরভাবে সতর্ক করেন এবং নকল প্রবণতার অসৎ চিন্তা মন থেকে পুরোপুরি পরিহারের আহ্বান জানান।

এসএসসি প্রোগ্রামের ১ম ও ২য় বর্ষের এ পরীক্ষাসমূহে দেশব্যাপী ১৯৮ পরীক্ষা কেন্দ্রে একযোগে পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রথম ও দ্বিতীয় বর্ষে সারাদেশে মোট ৩৪ হাজার ২ শত ৫৪ জন পরীক্ষার্থী রয়েছে। পরীক্ষার্থীদের মধ্যে ২২ হাজার ৩ শত ৫৩ জন পুরুষ এবং ১১ হাজার ৯ শত ০১ জন নারী। পরীক্ষাসমূহ বাউবি নির্ধারিত রুটিন অনুযায়ী শুক্রবার ও শনিবার দিনগুলোতে সকাল ও বিকালে অনুষ্ঠিত হচ্ছে। এ পরীক্ষা আগামী ০৯ মে ২০২৫ তারিখ শুক্রবারে শেষ হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সারাদেশে অবস্থিত সকল পরীক্ষা কেন্দ্রে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। এছাড়াও নকল প্রবণতা প্রতিরোধের লক্ষ্যে বাউবি কর্তৃক নিয়োজিত ভিজিট্যান্স টিমের সদস্যরা বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালন করে যাচ্ছেন। পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে উপাচার্যের সঙ্গে ছিলেন, তাঁর একান্ত সচিব (যুগ্ম-পরিচালক) মোঃ নাসির উদ্দিন।



মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)